



মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২

নিয়োগ বিজ্ঞপ্তি

সংখ্যা: মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/এ-১২(পাট-০১)/এ-২১০/এ-২৫২/২২২২

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৭ মে ২০২৬

বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ নিম্নোল্লিখিত শিক্ষকের স্থায়ী পদ পূরণের জন্য যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্র. ইং	বিভাগের নাম	পদের নাম ও সংখ্যা
০১.	টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিভাগ	সহযোগী অধ্যাপক ০১ টি (স্থায়ী)
০২.	পরিসংখ্যান বিভাগ	সহযোগী অধ্যাপক ০১ টি (স্থায়ী)

বেতন স্কেল:

সহযোগী অধ্যাপক- টাকা ৫০০০০-৭১২০০/-

আবেদনের শর্তাবলী:

- * সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে অথবা সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে নূনতম সিজিপিএ ৩.৫০ থাকতে হবে।
- * আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রীপ্রাপ্ত হতে হবে অর্থাৎ পরীক্ষার ফলপ্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।
- * অনলাইন ও দূরশিক্ষণের মাধ্যমে ডিগ্রীপ্রাপ্ত প্রার্থীদেরকে কোন বিভাগে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা হবে না।
- * সরকারি/আধা-সরকারি/সায়ত্বশাসিত গবেষণা প্রতিষ্ঠান হতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার চাকুরিকাল হিসাবে ঐ প্রতিষ্ঠানের চাকুরির অর্ধেক সময়কাল বিবেচনা করা যেতে পারে।
- * উপরোক্ত পদের নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ এবং আবেদনপত্রের নির্ধারিত ফরম ব্যক্তিগতভাবে অথবা www.mbstu.ac.bd ওয়েবসাইট থেকে অথবা ১০/- (দশ) টাকার অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানাসম্বলিত খাম পাঠিয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস হতে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে।
- * আবেদনকারীকে অবশ্যই বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- * “ভাইস-চ্যান্সেলর, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২” এর অনুকূলে সোনালী ব্যাংক লিমিটেড, মাভাবিপ্রবি শাখা, সন্তোষ, টাঙ্গাইল এর উপর প্রদেয় দরখাস্ত ফি বাবদ সোনালী ব্যাংক লিমিটেড-এর যে কোন শাখা হতে ৮০০/- (আটশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরত যোগ্য), প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি, মার্কসীট/ট্রান্সক্রিপ্ট, সার্টিফিকেট, গবেষণামূলক প্রকাশনার কপি, অভিজ্ঞতার প্রমাণপত্র, জাতীয় পরিচয়পত্র, চারিত্রিক সনদপত্রের সত্যায়িত অনুলিপি প্রত্যেক সেটের সাথে সংযুক্ত করতে হবে।
- * চাকরিত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট আবেদন অগ্রায়ণ অথবা অনাপত্তিপত্র (NOC) থাকতে হবে।
- * আগামী ১৭/০৬/২০২৬ এর মধ্যে ১০ (দশ) সেট আবেদন রেজিস্ট্রার, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল- ১৯০২ বরাবর অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে। মূল আবেদন এবং উহার সাথে সংযুক্ত কাগজপত্রসমূহ ফটোকপি করে ০৯ সেট বানিয়ে মূল আবেদনের সেটসহ মোট ১০ সেট পাঠাতে হবে।
- * বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রী এবং সিজিপিএ এর ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক সমতা বিধানের Certificate আবেদনের সাথে জমা দিতে হবে।
- * আবেদনে স্থায়ী ও যোগাযোগের ঠিকানা এবং মোবাইল নম্বর (WhatsApp সহ) স্পষ্টভাবে লিখতে হবে। মোবাইল নম্বরে সাক্ষাতকারের বিষয়টি জানানো হবে।
- * অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- * কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- * এ নিয়োগ বিজ্ঞপ্তি জারির কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদানে বাধ্য নন।
- * নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ বা তদ্বির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(প্রফেসর সাজ্জাদ ওয়াহিদ, পিএইচডি)

রেজিস্ট্রার (দায়িত্বপ্রাপ্ত)

মাভাবিপ্রবি।